দৈনিক সংবাদ

তারিখ ... 07 NOV 1998 ...
পৃষ্ঠা ... 12 ... কলাম ... 5 ...

# ছাগলনাইয়ায় ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষ

ফেনী, ৬ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতার)।- ছাত্রলীগের মিছিলে বোমা হামলা এবং ছাত্রদলের অফিস ভাংচুর ঘটনার জের ধরে শুক্রবার ছাগলনাইয়ার ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষ ও বোমাবাজি হয়েছে। সংঘর্ষে উভয়পক্ষের কমপক্ষে ৫ জন আহত হয়।

পুলিশ জানায়, বৃহস্পতিবার রাতে ছাগলনাইয়া থানা সদরে ছাত্রলীগ বঙ্গবন্ধু ও ৪ জাতীয় নেতার হত্যাকারীদের ফাঁসির দাবিতে একটি মিছিল বের করে। মিছিলটি কলেজ রোড এলাকায় গেলে একদল সন্ত্রাসী মিছিলের উপর বোমা হামলা করে। এতে পথচারী ও মিছিলের ৫ জন আহত হয়। এ ঘটনার জের ধরে মিছিলকারীরা ছাগলনাইয়া থানা বিএনপি অফিস ভাঙচুর করে। শুক্রবার ছাগলনাইয়ায় উভয়পক্ষের মধ্যে কয়েক দফা সংঘর্ষ ও ব্যাপক বোমাবাজি হয়।